



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮. ৬০

তারিখ: ১৩ নভেম্বর, ২০২০ খ্রি.

প্রেস রিলিজ

বাগেরহাট ১৩ নভেম্বর, ২০২০ খ্রি.

আজ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উদ্যোগে বাগেরহাট জেলার কচুয়া উপজেলায় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার ২৫ জন গণমাধ্যমকর্মীদের নিয়ে P4D (Platforms for Dialogue) প্রকল্পের আওতায় ২ দিনব্যাপী “সুশাসনের জন্য কৌশলগত যোগাযোগ” শীর্ষক অনলাইন কর্মশালা শুরু হয়েছে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক শাহিন ইসলাম, এনডিসি কর্মশালাটি উদ্বোধন করেন। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: মামুনুর রশীদ, জেলা প্রশাসক, বাগেরহাট। এছাড়া আর্মেনিয়া থেকে যুক্ত হন P4D প্রকল্পের টিম লিডার মি. আর্সেন স্টেফেনিয়ন।

P4D প্রকল্পটি ইউরোপীয়ান ইউনিয়ন ও বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে গৃহীত। এই প্রকল্পটির সার্বিক তত্ত্বাবধানে আছে মন্ত্রিপরিষদ বিভাগ, সমন্বয় করছে বৃটিশ কাউন্সিল এবং বাস্তবায়নের দায়িত্ব আছে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (NIMC), বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (BPATC), বিসিএস প্রশাসন একাডেমী, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (NILG)। P4D প্রকল্পটির মূল উদ্দেশ্য জনগণকে সম্পৃক্ত করে দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া শক্তিশালী করা ও সরকারি কর্মকাণ্ডে জবাবদিহিতা নিশ্চিত করা।

এই লক্ষে সরকার কর্তৃক গৃহীত ৫টি কৌশলপত্র: জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার, সেবাপ্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্বন্ধে গণমাধ্যম কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হবে, যাতে গণমাধ্যমকর্মীগণ জনগণকে তাদের অধিকার সম্বন্ধে সচেতন করতে পারে।

কর্মশালার সার্বিক ব্যবস্থাপনা ও সঞ্চালনায় আছেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও P4D ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো. মুনজুরুল আলম, কর্মশালা পরিচালক জনাব মো. আবুজার গাফফারী, উপ-পরিচালক (বেতার অনু. প্রশি.), কর্মশালা সমন্বয়ক জনাব মো. আব্দুল মান্নান সহকারি পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন) এবং সেখ ইজাবুর রহমান, সহকারি পরিচালক (প্রশাসন চ. দা.)। র‍্যাপেটিয়ার হিসাবে দায়িত্ব পালন করছেন জনাব মো. সোহেল রানা, উপ-পরিচালক (প্রশাসন), কর্মশালা সহযোগী হিসেবে দায়িত্ব পালন করছেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের হিসাব রক্ষক জনাব নোমান ও কম্পিউটার অপারেটর জনাব জাকারিয়া।

আবদুল হাম্মান

(গণসংযোগ কর্মকর্তা)

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/এটিএন বাংলা/চ্যানেল আই/একুশেটিভি/এনটিভি/সময়টিভি/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক প্রথম আলো/দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিকভোরের পাতা/দৈনিকসকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।